রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ২৫, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ই আষাঢ়, ১৪০১/২৩শে জুন, ১৯৯৪।

এস, আর, ও নং ২২৫-আইন/৯৪/১৫৫৯/শুল্ক—The Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উহার ১৮ই ভাদ্র, ১৪০০ বাং/২রা সেপ্টেম্বর, ১৯৯৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১৭৫-আইন/৯৩/১৫২১/শুল্ক, নিম্নরূপে অধিকতর সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের (১) অনুচ্ছেদ (২) এর—

(ক) তৃতীয় লাইনে "ব্যাংক গ্যারান্টি" শব্দদ্বয়ের পর "অথবা একটি ইনডেমনিটি বন্ড" শব্দগুলি সন্নিবেশিত হইবে ; এবং

(খ) শেষ বাক্যটির পর "ইনডেমনিটি বন্ড এর ক্ষেত্রে লেনদেনকারী ব্যাংক হইতে সন্তোষজনক লেনদেন সম্পর্কিত প্রত্যয়নপত্র গ্রহণ করিতে হইবে" বাক্যটি সংযোজিত হইবে।

(২) অনুচ্ছেদ (৪) এর "আমদানিকৃত" শব্দটির পূর্বে "ব্যাংক গ্যারান্টির বিপরীতে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৩) অনুচ্ছেদ (৫) এর দফা (ক) ও (খ) এর "শুল্ক ও কর" শব্দগুলির পূর্বে, উভয় স্থানে, "ব্যাংক গ্যারান্টির বিপরীতে খালাসকৃত" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৪) অনুচ্ছেদ (৫) এর উপ-অনুচ্ছেদ (গ) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (ঘ) ও (ঙ) সংযোজিত হইবে, যথাঃ—

"(ঘ) ইনডেমনিটি বন্ডের বিপরীতে খালাসের ক্ষেত্রে পরিশিষ্ট-৩ মোতাবেক আমদানিকারককে এই মর্মে ইনডেমনিটি বন্ড প্রদান করিতে হইবে যে, আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ খালাসের তারিখ হইতে এক বৎসরের মধ্যে উহা নির্দিষ্ট স্থানে স্থাপন করিয়া প্রথম বৎসরে উৎপাদিত সমুদয় পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে উক্ত যন্ত্রপাতি বা ক্ষেত্রমত, যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ করিতে আমদানিকারক বাধ্য থাকিবেন।

(ঙ) ইনডেমনিটি বন্ডের বিপরীতে খালাসের ক্ষেত্রে পরিশিষ্ট- '৪' মোতাবেক লেনদেনকারী ব্যাংক এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবে যে, আমদানিকারক সংশ্লিষ্ট ব্যাংকের একজন নিয়মিত গ্রাহক এবং তাহার লেনদেন কার্যক্রম সন্তোষজনক এবং এই সমুদয় আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ ১০০% রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত হইবে" ;

(৫) পরিশিষ্ট "২" এর পর নিম্নরূপ নূতন পরিশিষ্ট ৩ ও ৪ সংযোজিত হইবে, যথাঃ—

পরিশিষ্ট-৩

(যথাযথ মূল্যের ননজুডিশিয়াল ষ্ট্যাম্পের উপর)

### ইনডেমনিটি বন্ড

অদ্য................১৯...........জনাব/মেসার্স.............................. রেজিস্টার্ড অফিস........................(অতঃপর আমদানিকারক বলিয়া উল্লিখিত, যাহাতে তাহার/তাহাদের উত্তরাধিকারী, প্রশাসক, নির্বাহক এবং অধিকারপ্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন) প্রথম পক্ষ এবং বাংলাদেশের রাষ্ট্রপতি, কালেক্টর অব কাষ্টমস এর মাধ্যমে (অতঃপর কালেক্টর অব কাষ্টমস বলিয়া উল্লিখিত) দ্বিতীয় পক্ষ এর মধ্যে অত্র ইনডেমনিটি বন্ড সম্পাদিত হইল ;

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন নং........................... তাং..................... এর টেবিল ১ এবং ২-এ উল্লিখিত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে খালাস প্রদান করা হইবে;

এবং যেহেতু আমদানিকারক কর্তৃক ঋণ পত্র নং............তারিখ................ এর ভিত্তিতে ইনভয়েস নং ................তারিখ...................বিল অব লেডিং নং........................তারিখ.....................এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী মূলধনী যন্ত্রপাতি/যন্ত্রাংশ আমদানি করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত আমদানিকৃত যন্ত্রপাতি/যন্ত্রাংশ.................................(স্থানের পূর্ণ ঠিকানা) স্থাপিত হইবে এবং আমদানিকৃত যন্ত্রপাতি/যন্ত্রাংশ খালাসের তারিখ হইতে ১ (এক) বৎসরের মধ্যে উক্ত স্থানে স্থাপন করিয়া প্রথম বৎসরে উৎপাদিত সমুদয় পণ্য রপ্তানী করিতে ব্যর্থ হইলে উক্ত যন্ত্রপাতি/যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ.................... টাকা কালেক্টর অব কাষ্টমস এর নিকট হইতে এতদুদ্দেশ্যে জারিকৃত দাবিনামা প্রাপ্তির তারিখ হইতে চৌদ্দ দিনের মধ্যে পরিশোধ করিতে আমদানিকারক বাধ্য থাকিবেন;

সেহেতু নিম্নে উল্লিখিত সাক্ষীগণের উপস্থিতিতে আমদানিকারক, মেসার্স/জনাব......... ....................................এতদ্বারা প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে, তিনি/তাহারা আমদানিকৃত যন্ত্রপাতি/যন্ত্রাংশ এর উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ.............. টাকা কালেক্টরের দাবীক্রমে বিনা ওজর আপত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং কালেক্টরকে উক্ত করাদি বাবদ রাজস্ব ক্ষতির দায়-দায়িত্ব মুক্ত করিবেন; এবং উল্লিখিত পরিমাণ রাজস্ব আদায়ের জন্য কালেক্টর কর্তৃক যে পরিমাণ অর্থ খরচ হইবে তাহাও আমদানিকারক পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

আমদানিকারক আরও প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে, তিনি/তাহারা উপরে উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত যে কোন শর্তপালন করিতে ব্যর্থ হইলে আমদানিকৃত যন্ত্রপাতি/যন্ত্রাংশ এর উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ..............................টাকা The Customs Act, 1969 এর section 202 এর বিধান মোতাবেক তাহার/তাহাদের নিকট হইতে আদায় করা যাইবে। এই ইনডেমনিটি বন্ডের শর্তসমূহ পালিত হওয়ার সংগে সংগে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে; অন্যথায় ইহা বলবৎ থাকিবে।

১। ..............................সাক্ষী

২। ..............................

জনাব/মেসার্স....................

(ঠিকানা)

(সত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক)

নাম এবং স্থায়ী ঠিকানা)

....................................

....................................

....................................

কালেক্টর অব কাষ্টমস

(রাষ্ট্রপতির পক্ষে)

পরিশিষ্ট-'৪'

**প্রত্যয়ন পত্র**

এতদ্বারা এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/মেসার্স............................ এর স্বত্বাধিকারী............................এই ব্যাংকের একজন সম্মানিত গ্রাহক। তিনি............................বৎসর যাবত এই ব্যাংক এর সহিত নিয়মিত আর্থিক লেনদেন করিতেছেন। তাহার লেনদেন কার্যক্রম সন্তোষজনক। জনাব/মেসার্স............................ কর্তৃক...............নং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্টে আমদানিকৃত যন্ত্রপাতি/যন্ত্রাংশ ১০০% রপ্তানীমুখী............................ শিল্পে ব্যবহৃত হইবে।

তারিখঃ

নামঃ

পদবীঃ

সীলঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আকবর আলি খান**

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।